

## শিশুদের স্বাস্থ্যশিক্ষা দিচ্ছেন ইয়ুথ লিডার দয়াল চন্দ্র রায়

রংপুরের গঙ্গাচড়া উপজেলার নোহালী ইউনিয়নের পূর্ব কচুয়া সরকারপাড়া গ্রামে ইয়ুথ লিডার দয়াল চন্দ্র রায় এর নেতৃত্বে ইয়ুথ লিডার কনক মোহন্ত ও আনন্দ রায় এলাকার শিশুদের করোনা প্রতিরোধে ঘরে থাকা ও স্বাস্থ্য সুরক্ষামূলক জীবনাচরণ শেখানোর কার্যক্রম হাতে নিয়েছেন। দলবঁধে খেলায় মেতে থাকা শিশুদের বাড়িতে থাকার পরামর্শ, একে অন্যের সাথে দূরত্ব বজায় রাখা, হাঁচি কাশি দেওয়ার সময় স্বাস্থ্যবিধি মেনে চলার কৌশল শেখান তারা। এছাড়াও সঠিকভাবে হাত ধোয়ার অভ্যেস গড়ে তুলতে শিশুদের তারা সাবান পানি দিয়ে হাত ধোয়ার কৌশল শিখিয়ে দেন এবং হাত ধোয়ার চর্চা করান। শিশুদের স্বাস্থ্যকর জীবনাচরণে অভ্যস্ত করার উদ্যোগটি বাস্তবায়নের জন্য গত ৪ মে পাড়ার



একটি বাড়ির প্রশস্ত উঠানে সবাইকে সমবেত করা হয়। সেখানে প্রত্যেকের সামাজিক দূরত্ব নিশ্চিত করতে দাগ কেটে স্থান চিহ্নিত করে দেওয়া হয়। এরপর ইয়ুথ লিডার দয়াল চন্দ্র হ্যান্ড মাইক দিয়ে সকলকে সঠিকভাবে হাত ধোয়ার নির্দেশনা দেওয়ার পর এক এক করে সকলকে ডেকে তাদের সাবান দিয়ে সঠিকভাবে হাত ধোয়া শেখানো হয়। এক্ষেত্রে ২০ সেকেন্ড ধরে হাত ধোয়া এবং একে অন্যের সাথে দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা হয়। এই কার্যক্রমে ৪৭ জন শিশু অংশগ্রহণ করে। তারা যাতে এ বিষয়গুলো যথাযথভাবে মেনে চলে, এ ব্যাপারে তাদের অভিভাবকদের সাথেও আলোচনা করা হয়।

## খাগড়াছড়িতে মানবিক উদ্যোগ

খাগড়াছড়ি স্বেচ্ছারতী উজ্জীবক ফোরাম এবং ইয়ুথ এন্ডিং হাঙ্গারের বর্তমান পরিস্থিতির কারণে আর্থিকভাবে সংকটগ্রস্ত অতিদরিদ্র ও কর্মহীন পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। গত ১৪ এপ্রিল খাগড়াছড়ি জেলা সদরের মাষ্টার পাড়ায় ৪০ পরিবারে পাঁচ কেজি চাল, এক কেজি করে চিনি, আলু ও ডাল এবং এক লিটার সয়াবিন তেল দেওয়া হয়। এছাড়াও স্বাস্থ্য সুরক্ষার জন্য মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার দেওয়া হয়। এই মানবিক সহায়তা কর্মসূচিতে স্বেচ্ছারতী উজ্জীবক ফোরামের প্রতিষ্ঠাতা সভাপতি ও উপদেষ্টা মো. শহিদুল ইসলাম, সভাপতি



## প্রতিবেশীর পাশে ইয়ুথ লিডার

ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ ময়মনসিংহ সিটি ইউনিটের সিনিয়র সদস্য শেখ আজাদ এর নেতৃত্বে ৩ মে ময়মনসিংহ সদরের দাপুনিয়া ইউনিয়নে ১০টি অতিদরিদ্র পরিবারকে মানবিক সহায়তা দেওয়া হয়। ইয়ুথ লিডার শেখ আজাদ এবং রহমত ইসলামের প্রচেষ্টায় প্রতিটি পরিবারকে তারা পাঁচ কেজি চাল, দেড় কেজি আলু, আধা কেজি করে ডাল ও ছোলা, দেড় কেজি ময়দা এবং আধা লিটার সয়াবিন তেল দেন।

### বই পড়া ও রিভিউ লেখা প্রতিযোগিতা

সাধারণ নিয়মাবলী

অংশগ্রহণ

- ১) অংশগ্রহণের জন্য গুগল ডক ফর্ম পূরণ বা ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর ফেসবুক পেইজে নাম, মোবাইল নম্বর, বিভাগ, ইমেইল এড্রেস ও বইয়ের নাম মেসেজ বা কমেন্ট করে রেজিস্ট্রেশন করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ এর ফেসবুক গ্রুপ অথবা পেইজ দেখুন।
- ২) বই পড়ার পর পুরো বই নিয়ে ৭০০-১২০০ শব্দের ভেতর রিভিউ জমা দিতে হবে। রিভিউ গ্রুপে পোস্ট আকারে, পেইজে ম্যাসেজ কিংবা ডক/পিডিএফ ফাইল আকারে জমা দেয়া যাবে।
- ৩) নির্দিষ্ট ১৫ দিন পর বিজয়ীদের নাম ঘোষণা করা হবে।
- ৪) একজন পাঠক চাইলে ১৫ দিনের মধ্যে একাধিক বইয়ের রিভিউ জমা দিতে পারবেন।

বই নির্বাচন

- ৫) বই অবশ্যই তালিকা থেকে বাছাই করতে হবে।
- ৬) বইয়ের তালিকা নিয়মিত আপডেট করা হবে। পাঠক চাইলে কোনো বই তালিকায় অন্তর্ভুক্তির জন্য সুপারিশ করতে পারবেন।

অনলাইন এন্ট্রিভিটি

- ৭) প্রতি পাঠককে বই পড়ার সময় বইয়ের বা পৃষ্ঠার ছবি তুলে অন্তত পাঁচবার গ্রুপে পোস্ট করে অন্য পাঠকদের অবশ্যই উৎসাহিত করতে হবে।
- ৮) পোস্টের তথ্যে বইয়ের নাম ও পোস্টের সংখ্যা লিখতে হবে। যেমন: #হিমুর\_মীল\_জোছনা #পোস্ট\_নম্বর\_০২

টোকেন অথ এপ্রিসিয়েশন

- ৯) প্রতি ১৫ দিনে প্রতি বিভাগ থেকে একজনকে বিভাগীয় বিজয়ী ঘোষণা করা হবে।
- ১০) বিভাগীয় পর্যায়ের বিজয়ীদের থেকে প্রতি মাসে একজনকে জাতীয়ভাবে বিজয়ী ঘোষণা করা হবে।
- ১১) বিজয়ীদের জন্যে আকর্ষণীয় পুরস্কার রয়েছে।

আয়োজনে  
ন্যাশনাল ফোরাম  
ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ

সবাই মিলে **শপথ করি**  
করোনা ভাইরাসমুক্ত গ্রাম গড়ি

সবাই মিলে **শপথ করি**  
করোনা ভাইরাসমুক্ত বাংলাদেশ গড়ি



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাহিমা আজার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ

✉ yeh.bd@thp.org  
🌐 yeh.thpbd.org | thpbd.org  
📘 facebook.com/YEHBD

📍 হেরাল্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
ব্লক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।  
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

